

“শেখ হাসিনার দর্শন,
সব মানুষের উন্নয়ন”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বিসিএসআইআর ক্যাম্পাস, ধানমন্ডি, ঢাকা
Web: www.bstft.gov.bd

স্মারক নং: ৩৯.০৯.০০০০.০০০.২৫.০১৮.১৮- ৫ন

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪২৭
০৩ জুন ২০২০

আদেশ

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন “বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট” এর আওতায় ২০১৯-২০২০ অর্থ বছরে দেশে নিম্নবর্ণিত ছাত্রী/গবেষকের নামের পার্শ্বে উল্লিখিত বিশ্ববিদ্যালয়ে পিএইচডি (দেশে) কোর্স সম্পন্ন করার জন্য নিম্নবর্ণিত শর্তে ফেলোশিপ প্রদান করা হলো :

২। ফেলোশিপ প্রাপ্তদের তালিকা:

(ক) পিএইচডি কোর্স (দেশে)

SL No.	Name & Designation	University (Proposed for Study)	Field of Study	Fellowship/ Course Start
1	Mst. Muslima Khatun S.S.O, NIB, Savar, Dhaka	University of Dhaka	Biochemistry and Inspirational Science	June, 2020

২। শর্তাবলী:

- এ ফেলোশিপ পিএইচডি কোর্সে সর্বোচ্চ ৪ (চার) বছর, এমএস কোর্সে সর্বোচ্চ ২ (দুই) বছর এবং পিএইচডি উত্তর কোর্সে সর্বোচ্চ ১ (এক) বছরের জন্য বলবৎ থাকবে।
- ফেলোশিপের ভাতার হার: এমএস/সমমান, ডক্টরাল এবং পোস্ট ডক্টরাল সকল শ্রেণির ফেলোগণের নিম্নবর্ণিত হারে মাসিক ও এককালীন ভাতা প্রদান করা হবে।
(ক) লিভিং এলাউন্স (মাসিক): বিদেশে (জাপান, অস্ট্রেলিয়া ও ইউরোপ এর দেশ সমূহ) অধ্যয়নের ক্ষেত্রে ১,২০,০০০ টাকা ও অন্যান্য দেশে ৬৫,০০০ টাকা এবং দেশে অধ্যয়নের ক্ষেত্রে (ডক্টরাল ৪০,০০০ টাকা, পোস্ট ডক্টরাল ৪৫,০০০ টাকা);
(খ) টিউশন ফি: বিশ্ববিদ্যালয়/ইন্সটিটিউট নির্ধারিত রেটে প্রকৃত টিউশন ফি; পরিবর্তিত বিশ্ববিদ্যালয়ের জন্য পূর্বের বিশ্ববিদ্যালয়ের অফারকৃত টিউশন ফি'র সমপরিমাণ অর্থ ট্রাস্ট হতে দেওয়া হবে এবং পরিবর্তিত বিশ্ববিদ্যালয়ের টিউশন ফি'র অতিরিক্ত ফি প্রার্থী নিজে বহন করবেন।
(গ) বইপুস্তক ক্রয় (এককালীন): বইপুস্তক ক্রয় বাবদ বিদেশে অধ্যয়নের ক্ষেত্রে ৬০,০০০ টাকা এবং দেশে অধ্যয়নের ক্ষেত্রে ৩০,০০০ টাকা।
(ঘ) থিসিস ফি (এককালীন): বিদেশে অধ্যয়নের ক্ষেত্রে থিসিস ফি বাবদ ৫০,০০০ টাকা এবং দেশে অধ্যয়নের ক্ষেত্রে ২৫,০০০ টাকা;
(ঙ) বিমান ভাড়া, স্বাস্থ্য বীমা ও ভিসা ফি: বিদেশে অধ্যয়নের ক্ষেত্রে ফেলোগণের জন্য প্রকৃত বিমান ভাড়া (ইকোনমি ক্লাশে একবার যাতায়াত), স্বাস্থ্য বীমা ও ভিসা ফি প্রদান করা হবে;
(চ) বিদেশে ডক্টরাল ফেলোশিপের মেয়াদ সর্বোচ্চ ৪ (চার) বছর হওয়ায় ২ (দুই) বছর সফল সমাপ্তির পর আরও একবার আসা-যাওয়ার বিমান ভাড়া প্রদান করা হবে;
(ছ) সেমিনার আয়োজন ও থিসিস পেপার উপস্থাপনের জন্য এককালীন বিদেশে ৭৫,০০০ টাকা এবং দেশে ৩০,০০০ টাকা;
- বিদেশি বিশ্ববিদ্যালয়ের টিউশন ফি বিশ্ববিদ্যালয়ের সিডিউল অনুসারে সরাসরি সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের একাউন্টে বৈদেশিক মুদ্রায় প্রেরণ করা হবে।
- লিভিং এলাউন্স শিক্ষার্থীর সংশ্লিষ্ট দেশে অবস্থিত তার ব্যাংক একাউন্টে সরাসরি বৈদেশিক মুদ্রায় ত্রৈমাসিক ভিত্তিতে প্রেরণ করা হবে। তবে প্রথম (৩ মাস) লিভিং এলাউন্স, ভিসা ফি, বইপুস্তক ক্রয় খরচ, স্বাস্থ্য বীমা বিদেশে গমনের প্রাক্কালে চেকের মাধ্যমে সরাসরি প্রদান করা হবে।
- বিদেশি ফেলোগণকে “ব্যাংক এশিয়া লিমিটেড, মতিঝিল, ঢাকা শাখায়” একটি Student File খুলতে হবে।

৬. বিদেশি ফেলোগণকে যাত্রার পূর্বে শুধু যাওয়ার ইকোনমি ক্লাসের টিকিটের ভাড়া প্রদান করা হবে এবং ক্রাস শুরুর তারিখ হতে লিডিং এলাউন্স প্রদান করা হবে।
৭. ফেলোগণকে অবশ্যই ভ্রমণে বাংলাদেশ বিমান ব্যবহার করতে হবে। তবে সংশ্লিষ্ট দেশে বাংলাদেশ বিমান এর বুট না থাকলে বা খরচ কম হলে বিকল্প এয়ারলাইনস ব্যবহার করা যাবে।
৮. ফেলোগণকে বিদেশে পৌছার ১৫ দিনের মধ্যে তার নাম ঠিকানা সংশ্লিষ্ট দেশে বাংলাদেশ হাইকমিশন/দূতাবাসে লিপিবদ্ধ করতে হবে এবং তা বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্টকে অবহিত করতে হবে।
৯. ফেলোগণকে বিমান ভাড়া এবং বইপুস্তক ক্রয় এর প্রমানাদি (টিকেটের কপি, ক্যাশ মেমো) ইত্যাদি ট্রাস্টের কার্যালয়ে প্রেরণ করতে হবে এবং প্রদত্ত কাগজপত্র যাচাইয়ের পর পরবর্তী কিস্তির অর্থ প্রদান করা হবে।
১০. ফেলোগণকে প্রতি ৬ মাস অন্তর তার শিক্ষার অগ্রগতির প্রতিবেদন ট্রাস্টের কার্যালয়ে প্রেরণ করতে হবে, যা পরবর্তী সময়ের অর্থ বরাদ্দের জন্য বিবেচনায় আনা হবে।
১১. ফেলোগণকে শিক্ষা সম্পন্ন করার ৩০ দিনের মধ্যে অবশ্যই একটি প্রতিবেদন ট্রাস্ট কার্যালয়ে প্রেরণ করতে হবে।
১২. চাকুরীরত শিক্ষার্থীগণ স্ব-স্ব প্রতিষ্ঠান হতে বিধি মোতাবেক ছুটি গ্রহণ করবেন এবং তা ট্রাস্টকে অবহিত করবেন।
১৩. উপর্যুক্ত শর্তসমূহ লঙ্ঘন করা হলে ফেলোগণের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহনসহ অর্থ আদায়ের আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।



মুহাম্মদ আকবর হুসাইন (অতিরিক্ত সচিব)
প্রধান নির্বাহী কর্মকর্তা
বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট

স্মারক নং: ৩৯.০৯.০০০০.০০০.২৫.০১৮.১৮-৫৯ (১-৫)

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪২৭
০৩ জুন ২০২০

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিবের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. উপসচিব, অধিশাখা-৩৫, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. প্রোগ্রামার, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. অফিস কপি।



মুহাম্মদ আকবর হুসাইন (অতিরিক্ত সচিব)
প্রধান নির্বাহী কর্মকর্তা
বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট